সংবাদ

তারিখ ... ১৬/৯/৮৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৭ ...



# প্রাথমিক শিক্ষা ঃ স্থানীয় সংস্থাকে শুধু উন্নয়নের দায়িত্ব দেয়ার দাবী

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির ১০ জন কর্মকর্তা সুষ্ঠু শিক্ষা ব্যবস্থার স্বার্থে শিক্ষক মনোনয়ন, নিয়োগ-বদলি, পদোন্নতি ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ প্রশাসনিক দায়িত্ব ও ক্ষমতা শিক্ষা বিভাগীয় প্রশাসনের হাতে রেখে শুধুমাত্র উন্নয়নমূলক কাজের দায়িত্ব পৌর কর্পোরেশন, পৌরসভা ও উপ-জেলা পরিষদের হাতে দেয়ার জন্য (শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

## প্রাথমিক শিক্ষা

(১ম পাতার পর)

কর্তৃপক্ষের প্রতি আবেদন জানিয়েছেন।

এক যুক্ত বিবৃতিতে তাঁরা বলেন, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মনোনয়ন, নিয়োগ-বদলি, পদোন্নতি, শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ প্রশাসনিক দায়িত্ব ও ক্ষমতা পৌর কর্পোরেশন, পৌরসভা ও উপ-জেলা পরিষদের ওপর ন্যস্ত করার সরকারের সাম্প্রতিক সিদ্ধান্ত প্রাথমিক শিক্ষকদের সরকারী চাকুরির সাথে সম্পূর্ণ অসঙ্গতিপূর্ণ। এই দ্বৈত শাসনের ফলে প্রশাসনিক ক্ষেত্রে আরো নতুন নতুন সমস্যার সৃষ্টি হবে এবং শিক্ষক সমাজ মহলবিশেষের রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহৃত হতে বাধ্য হবেন বলে তাঁরা উল্লেখ করেন।

বিবৃতিতে সই করেন সমিতির যুগ্ম মহাসচিব মো: আবুল হোসেন, সাংগঠনিক সম্পাদক আবু সালেহ্ আবদুস সাত্তার, প্রচার সম্পাদক আবদুস সাত্তার খান, দপ্তর সম্পাদক মো: নাইছ উদ্দিন চৌধুরী, শিক্ষা সম্পাদক মো: মজিবুর রহমান প্রমুখ।

শিক্ষক ও শিক্ষা ক্ষেত্রের বৃহত্তর স্বার্থে সকল বিভেদ ও কোন্দল পরিহার করে ঐক্যবদ্ধ হওয়া এবং আগামী ৮ই অক্টোবর ঢাকায় আহূত সমিতির প্রতিনিধি সভাকে সফল করার জন্য তাঁরা সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।